

ভারতীয় প্রযোজকের অর্থ আত্মসাতের অভিযোগ, তিশার ব্যাখ্যা -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৪৩ ঃ মেহেরপুর-বুধবার ২৬ নভেম্বর ২০২৫ ইং ঃ ১১ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ঃ ৪ জমা ,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

## মনোনয়ন সংকটে গাংনীতে বিএনপির বড় ভাঙন

### অস্থিরতায় দিশেহারা কর্মীরা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনীতে বিএনপি এখন তীব্র অভ্যন্তরীণ সংকটে নিমজ্জিত। দলীয় মনোনয়ন ঘোষণার পর উপজেলা বিএনপিতে সৃষ্টি হয়েছে অস্বাভাবিক টানাপোড়েন। কয়েক দিনের ব্যবধানে পরিস্থিতি এমন পর্যায়ে পৌঁছেছে যে, গাংনীতে বিএনপির রাজনীতি এখন 'ধেয়ে আসা ঝড়'-এমন মন্তব্যই করছেন স্থানীয়রা। দলীয় কার্যালয় থেকে ইউনিয়ন পর্যায়ের সভা-সব জায়গাতেই বিরোধ, ক্ষোভ আর পাল্টাপাল্টি শক্তি প্রদর্শনের চিত্র দেখা যাচ্ছে। মনোনয়ন নিয়ে এমন উত্তেজনা সাম্প্রতিক সময়ে আর দেখা যায়নি। মনোনয়ন ঘোষণার পর বিএনপির বিভিন্ন ইউনিট জরুরি সভা ডেকে সিদ্ধান্ত পুনর্বিবেচনার দাবি তোলে। শহরের কেন্দ্রস্থলে আকস্মিক মিছিল বের করেন একদল তরুণ কর্মী। তাদের স্লোগান-



"মেঘলা রাতে চোরাবালির মনোনয়ন চলবে না!" এতে পুরো এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। দলীয় শীর্ষ নেতারা এসবকে 'অননুমোদিত' ও 'উসকানিমূলক' বললেও মাঠের কর্মীরা তাতে কর্ণপাত করছেন না। গাংনী বিএনপিতে দীর্ঘদিন ধরে দুই বলয় সক্রিয়-পুরোনো নেতৃত্বের প্রভাবশালী অংশ এবং উদীয়মান তরুণদের গ্রুপ। মনোনয়ন প্রকাশের পর এই দুই বলয়ের বিরোধ প্রকাশ্য রূপ নিয়েছে। জাভেদ মাসুদ মিল্টন পক্ষের অভিযোগ- মনোনয়নপ্রাপ্ত আমজাদ হোসেন কেন্দ্রের ঘনিষ্ঠ হলেও কর্মীদের কাছে ছিলেন অনুপস্থিত। অন্য দিকে আমজাদ পক্ষের দাবি- কয়েকজন প্রভাবশালী নেতা রুমের ভেতরেই গাংনীর রাজনীতি ভাগ করে দিয়েছেন। এই পাল্টাপাল্টি অভিযোগে পুরো উপজেলা বিএনপি এখন কার্যত দ্বিখণ্ডিত। আমজাদ হোসেনের সমর্থকদের অভিযোগ- "চেয়ারপারসনের সিদ্ধান্তের বিরুদ্ধে এমন বিক্ষোভ দলের জন্য অশুভ সংকেত। তাদের ভাষ্য-জনপ্রিয়

২-এর পৃষ্ঠা দেখুন

## লটারিতে ৬৪ জেলার পুলিশ সুপার চূড়ান্ত

সূর্যোদয় প্রতিবেদন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে দেশের ৬৪ জেলার পুলিশ সুপার (এসপি) নিয়োগ চূড়ান্ত করেছে সরকার। সোমবার (২৪ নভেম্বর) রাতে প্রধান উপদেষ্টার বাসভবন 'যমুনা'তে ম্যানুয়াল লটারির মাধ্যমে এসব এসপি নির্বাচন করা হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয় শিগগিরই প্রজ্ঞাপন জারি করে ধাপে ধাপে তাদের সংশ্লিষ্ট জেলায় পদায়ন করবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও পুলিশ সদর দপ্তর সূত্র নিশ্চিত করেছে, নির্বাচনকালীন এই পদায়ন সম্পূর্ণ স্বচ্ছতা নিশ্চিত করতে লটারির পদ্ধতি অনুসরণ করা হয়েছে। লটারির সময় উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত আইজিপি ও

২-এর পৃষ্ঠা দেখুন




## রাজনৈতিক সহমতে গ্যাং, মেহেরপুরে বৃদ্ধি পাচ্ছে কিশোর অপরাধ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর শহর এখন কিশোর গ্যাংয়ের দাপটে কাঁপছে। মাত্র ১২ থেকে ১৭ বছর বয়সী কিশোররা দিন দিন রাস্তাঘাট, স্কুল-কলেজ, দোকানপাট এবং ব্যক্তিগত বসবাসের জায়গায় হামলা চালাচ্ছে। নগরবাসী বলছেন, "এখন রাস্তায় বের হওয়াও ঝুঁকিপূর্ণ। দিনের বেলাতেই তারা ভাঙচুর চালাচ্ছে এবং গণমাধ্যমকেও হুমকি দিচ্ছে।" স্থানীয়দের অভিযোগ, প্রশাসন কার্যকর পদক্ষেপ নিচ্ছে না। পুলিশ সূত্র জানায়, কিশোর গ্যাংয়ের সদস্য সংখ্যা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে এবং কিছু গ্যাং স্থানীয় রাজনীতির সহমতে শক্তিশালী হয়ে উঠেছে। এই রাজনৈতিক সংযোগ তাদের কর্মকাণ্ডকে আরও বেপরোয়া করে তুলেছে। বিশ্লেষকরা বলছেন, কিশোর অপরাধের মূল কারণ সামাজিক ও পারিবারিক ত্রুটি। দরিদ্র পরিবার, শিক্ষা ও বিনোদনের অভাব এবং প্রশাসনের উদাসীনতা মিলে তৈরি হচ্ছে একটি 'অপরাধপ্রবণ প্রজন্ম'। সমাজকর্মীরা সতর্ক করে বলছেন, "যে কিশোরদের সঠিক দিকনির্দেশনা এবং সুযোগ দেওয়া হয় না, তারা সহজেই অপরাধের পথে পা বাড়ায়। এখনকার পরিস্থিতি একটি সময়বোমার মতো।"

২-এর পৃষ্ঠা দেখুন



## নিউমোনিয়ায় আক্রান্ত খালেদা জিয়া

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া নিউমোনিয়ায় আক্রান্ত হয়েছেন। ঢাকার এভারকেয়ার হাসপাতালে তাঁকে নিবিড় পর্যবেক্ষণে রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। মেডিকেল বোর্ড জানিয়েছে, জটিলতা না কমলে তাঁকে সিসিইউতে স্থানান্তর করা হতে পারে। গত রোববার রাতে

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুর উপজেলার প্রশাসনের আইন-শৃঙ্খলা ও সাধারণ সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে মেহেরপুর সদর উপজেলার মাসিক আইন-শৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ কমিটির সভা এবং সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে সদর উপজেলা প্রশাসন সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সাধারণ সভা এবং দুপুরে আইন-শৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ কমিটির সভায় সভাপতিত্ব করেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে ৬ মামলায় ১৪ জনের কারাদণ্ড ও জরিমানা

সূর্যোদয় প্রতিবেদক

মেহেরপুরের চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী এর আদালতে হিংসা, ছিনতাই ও ধারালো অস্ত্র ব্যবহার সংক্রান্ত দুই দিনে ৬ মামলায় ১৪ জনের কারাদণ্ড ও জরিমানার আদেশ দিয়েছেন। ২৫ নভেম্বর (জি.আর-২৪৩/২৩, মেহেরপুর) মোঃ বিজয় কে ৩ বছরের কারাদণ্ড ও ২০,০০০ টাকা জরিমানা, অনাদায়ে ২ মাসের কারাদণ্ড প্রদান করা হয়েছে। একই ধারার আরেকটি মামলায় (জি.আর-২২৪/১৬, গাংনী) মোঃ মনিরুল ইসলাম কে ২ বছরের কারাদণ্ড ও ২০,০০০ টাকা জরিমানা করা হয়েছে। মামলার বিবরণে বলা হয়েছে, আসামীরা ধারালো দা, হাসুয়া, লোহার রড ও বাঁশের লাঠি নিয়ে ঘরে প্রবেশ করে মারপিট ও ছিনতাই করেছে। এছাড়া (জি.আর-০২/২২, গাংনী) হাসানুর, রকিবুল ও শাহিন আলী প্রত্যেকে ৬ মাসের কারাদণ্ড এবং ১,০০০ টাকা জরিমানা করা হয়েছে। মামলার বিবরণে উল্লেখ আছে, আসামীরা পূর্বপরিকল্পিতভাবে ধারালো অস্ত্র ও লাঠি দিয়ে পরিবারকে আক্রমণ করে, নকশা অনুযায়ী সম্পত্তি ও মূল্যবান জিনিসপত্র চুরি করেছে। আদালত দন্ডবিধির ৩২৩, ৩২৫, ৩২৪ ও ৩২৬ ধারার দোষী সবস্ত হওয়ায় এয় রায় দেন। এই রায়ের মাধ্যমে হিংসা, ছিনতাই ও ধারালো অস্ত্র ব্যবহার দমন করতে দৃঢ় অবস্থান নেয় এবং সামাজিক নিরাপত্তা ও শৃঙ্খলার প্রতিশ্রুতি পুনঃস্থাপন করে। ২৪ নভেম্বর (জি.আর-১৮২/২১, মেহেরপুর) মোঃ মকলেস ও মোঃ লিটন হোসেন প্রত্যেককে ৬ মাসের কারাদণ্ড এবং ১,০০০ টাকা অর্থদণ্ড, অনাদায়ে ১০ দিনের অতিরিক্ত কারাদন্ডের আদেশ দিয়েছেন । মামলার বিবরণে বলা হয়েছে, আসামীরা দা, হাসুয়া ও বটি নিয়ে একটি দম্পতিকে পূর্বপরিকল্পিতভাবে আক্রমণ

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে বিএনপির বিক্ষোভ মিছিল মনোনয়ন পুনর্বিবেচনার দাবি

আবু রায়হান নিরব

মেহেরপুরে বিএনপির জেলা ও উপজেলা পর্যায়ের নেতাকর্মীরা মেহেরপুর-১ আসনের দলীয় মনোনয়ন পুনর্বিবেচনার দাবিতে বিক্ষোভ মিছিল করেছেন।গতকাল মঙ্গলবার রাতে জেলা বিএনপি কার্যালয় থেকে শুরু হওয়া মিছিল শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় জেলা কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। মিছিলের নেতৃত্ব দেন জেলা

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনীতে আমজাদের গণসংযোগ ও রোগমুক্তি কামনায় দোয়া-মাহফিল

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর-০২ (গাংনী) আসনে ধানের শীষের প্রার্থী মোঃ আমজাদ হোসেনের পক্ষে গতকাল মঙ্গলবার বিকেলে বামুন্দি বাজারে গণসংযোগ ও লিফলেট বিতরণ অনুষ্ঠিত হয়। প্রার্থী নির্বাচনী অঙ্গীকার তুলে ধরেন এবং শান্তিপূর্ণ নির্বাচন নিশ্চিত করতে প্রশাসনের সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানে শতাধিক নেতা-কর্মী উপস্থিত ছিলেন। স্থানীয় ব্যবসায়ী ও পথচারীদের সঙ্গে মতবিনিময় শেষে নেতাকর্মীরা বিভিন্ন গ্রামে পথসভা পরিচালনা করেন। এ দিকে

২-এর পৃষ্ঠা দেখুন




## মুজিবনগরে জামায়াতে ইসলামের গণসংযোগ কর্মসূচি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দায়রাপুর ইউনিয়নে বাংলাদেশ জামায়াতে ইসলামের উদ্যোগে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকঅল মঙ্গল বার বিকেলে ইউনিয়নের বিভিন্ন সড়ক ও ব্যবসাপ্রতিষ্ঠানে এ কর্মসূচি পরিচালিত হয়। দায়রাপুর ইউনিয়ন জামায়াতের আমির আব্দুল হালিম সভাপতিত্ব করেন। প্রধান অতিথি ছিলেন জেলা শাখার আমির ও মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দীন খান। বিশেষ অতিথি ছিলেন মুজিবনগর উপজেলা জামায়াতের আমির ও মোনাখালী ইউনিয়ন চেয়ারম্যান পদপ্রার্থী

২-এর পৃষ্ঠা দেখুন



## উজলপুরে সবজি বোঝাই ট্রাক উল্টে চালক আহত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার উজলপুরে গতকাল মঙ্গলবার দুপুরে সবজি বোঝাই একটি ট্রাক উল্টে ট্রাক চালক জাহিদুল ইসলাম (২১) আহত হয়েছেন। তিনি মাগুরা জেলার মির্জাপুরের মৃত হোসেন আলীর ছেলে। প্রত্যক্ষদর্শীরা জানান, কাথুলি থেকে মেহেরপুরে আসার পথে উজলপুর মাঠে ট্রাকটি একটি গাছের সঙ্গে ধাক্কা খায়। এতে চালক নিয়ন্ত্রণ হারিয়ে ট্রাক রাস্তার পাশে উল্টে যায় এবং তিনি গাড়ির মধ্যে আটকা পড়েন। খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের

২-এর পৃষ্ঠা দেখুন

## চট্টগ্রাম বন্দর পরিচালনা নিয়ে রায় ৪ ডিসেম্বর

সূর্যোদয় প্রতিবেদন

চট্টগ্রাম বন্দরের নিউমুরিং কনটেইনার টার্মিনাল (এনসিটি) বিদেশি প্রতিষ্ঠানের মাধ্যমে পরিচালনাসংক্রান্ত চুক্তির বৈধতা প্রশ্নে জারি করা রুলের শুনানি শেষ হয়েছে। এ বিষয়ে আগামী ৪ ডিসেম্বর রায় ঘোষণা করবেন হাইকোর্ট। মঙ্গলবার বিচারপতি ফাতেমা নজীব ও বিচারপতি ফাতেমা আনোয়ার সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ রায়ের তারিখ নির্ধারণ করেন। রিটের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার জমির উদ্দিন সরকার, অ্যাডভোকেট আহসানুল করিম, ব্যারিস্টার মাহবুব উদ্দিন

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবরঃ (প্রধান শিক্ষকের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগে মামলা)

কেমন পিরিতি করলি বাঁচা  
বিছানাতে ডেকে  
চিল্লাচিল্লি করলে তুই  
মেরে ফেলবে তোকে।  
ছাত্রীর সঙ্গে এমন কাজ  
কি করে তুই করলি  
বিয়ের প্রস্তাব দিয়ে তাকে  
এক বিছানায় শুইলি।  
চাকরি-বাকরি সব গেল  
সম্মান গেল তোর  
ছোট্ট মেয়ের বড় কথা  
মুখের বড় জোর ।  
ভিডিও কলে দেখতে পেয়ে  
লাগতো খুব মজা  
ধর্ষণ মামলায় দিয়ে তোরে  
কোমর করবে সোজা।

সিসি ক্যামেরা নিয়ন্ত্রিত
আবুল কাসেম স্যার পরিচালিত
সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজে
নার্সারি থেকে ১০ম শ্রেণি (বিজ্ঞান ও মানবিক শাখায়)
ইংলিশ স্পোকেন
ইন্টিগ্রেটেড ভার্সন
আবাসিক
নূরানী আরবি শিক্ষা
সমৃদ্ধ ল্যাব ও লাইব্রেরি
ডে-কেয়ার
ভর্তি চলছে
কেন্দ্রীয় ঈদগাহ রোড, গাংনী, মেহেরপুর, ফোন ঃ ০১৭১০-১১৬৮২৮

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✔ অথেনটিক প্রোডাক্ট
✔ সেরা দাম
✔ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় আন অফিসিয়াল রিফারবিশড বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন- প্রধান সড়ক -মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২-৫১১১৮১

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ বুধবার ॥ ১১ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ॥ ২৬ নভেম্বর ২০২৫ইং

## ৪৭তম বিসিএস পরীক্ষার্থীদের আন্দোলনে রণক্ষেত্র শাহবাগ

সূর্যোদয় প্রতিবেদন

মঙ্গলবার বিকালে শাহবাগ রণক্ষেত্রে পরিণত হয়েছে। ৪৭তম বিসিএসের লিখিত পরীক্ষা পেছানোর দাবিতে আন্দোলনরত পরীক্ষার্থীদের সঙ্গে পুলিশের পাল্টাপাল্টি ধাওয়ার ঘটনা ঘটে। এতে যান চলাচল পুরোপুরি বন্ধ রয়েছে। পুলিশ আন্দোলনকারীদের ছত্রভঙ্গ করতে জলকামান এবং সাউন্ড গ্রেনেড ব্যবহার করেছে। এরপরও পরীক্ষার্থীরা শাহবাগে অবস্থান নেন। দুপুরে আন্দোলনকারীরা কেন্দ্রীয় শহীদ মিনার থেকে প্রধান উপদেষ্টার বাসভবন যমুনা অভিমুখে পদযাত্রা শুরু করেন। শাহবাগ মোড়ে পৌঁছালে পুলিশ ব্যারিকেড দিয়ে তাদের আটকে দেয়। আন্দোলনকারীরা সেখানে

৩-এর পৃষ্ঠা দেখুন

### বিএনপির মিত্র জোট থেকে রাষ্ট্র সংস্কারের প্রস্থান

## এনসিপির সঙ্গে নতুন জোটের ইঙ্গিত

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির মিত্র জোট ‘গণতন্ত্র মঞ্চ’ থেকে সরে দাঁড়াল বাংলাদেশ রাষ্ট্র সংস্কার আন্দোলন। দলটি শিগগিরই এনসিপিনেতৃত্বাধীন নতুন রাজনৈতিক জোটে যোগ দিতে পারে বলে রাজনৈতিক সূত্রে জানা গেছে। যদিও গণতন্ত্র মঞ্চ ছাড়ার সুনির্দিষ্ট কারণ জানায়নি রাষ্ট্র সংস্কার, তবে জোটের ভেতরে আসন বণ্টন নিয়ে টানাপোড়েনকেই এই সিদ্ধান্তের মূল কারণ বলে জানা গেছে। রাষ্ট্র সংস্কারের যুগ্ম সাধারণ সম্পাদক দিদারুল ভূঁইয়া সমকালকে বলেন, “আমরা বিএনপি বা জামায়াতের জোটের বাইরে নতুন একটি রাজনৈতিক মেরুকরণ করতে চাই। এই মুহূর্তে যে ধরনের রাজনীতি প্রয়োজন, তা এই দুই জোট করছে না।” উপ বাংলাদেশ, এবি পার্টি ও রাষ্ট্র সংস্কার–এই তিন দল এনসিপির সঙ্গে জোট গঠনে আগ্রহী। তারা যুগপৎ কর্মসূচি পালন করেছে এবং জোটের অংশীদার হতে গণঅধিকার পরিষদের সঙ্গেও একাধিক বৈঠক করেছে। এবি পার্টির চেয়ারম্যান মজিবুর রহমান মঞ্জু জানিয়েছেন, আগামী তিনুচার দিনের মধ্যেই নতুন জোটের ঘোষণা আসতে পারে। ২০২২ সালে জেএসডি, নাগরিক ঐক্য, বিপ্লবী ওয়ার্কার্স পার্টি, গণসংহতি আন্দোলন, ভাসানী জনশক্তি পার্টি, রাষ্ট্র সংস্কার আন্দোলন এবং গণ অধিকার পরিষদ মিলে ‘গণতন্ত্র মঞ্চ’ গঠন করে। সাতদলীয় এই রাজনৈতিক প্ল্যাটফর্ম বিএনপির যুগপৎ আন্দোলনের অন্যতম মিত্র ছিল এবং বিএনপির ৩১ দফা প্রণয়নেও সহযোগিতা করেছিল। গত বছর মে মাসে নুরুল হক নুরের নেতৃত্বাধীন গণ অধিকার পরিষদ মঞ্চ থেকে বেরিয়ে যায়। গণতন্ত্র মঞ্চে রাষ্ট্র সংস্কারের সঙ্গে আসন বণ্টন ইস্যুতে মতপার্থক্য তৈরি হয়েছিল। জেএসডি, নাগরিক ঐক্য ও গণসংহতি কিছু আসন ছাড়তে রাজি থাকলেও রাষ্ট্র সংস্কার তাদের প্রতি এখনো স্পষ্ট অবস্থান জানায়নি। তবে দিদারুল ভূঁইয়া দাবি করেন, “এটি আসনের বিষয় নয়; রাজনৈতিক কারণেই আমরা মঞ্চ ছেড়েছি।

৩-এর পৃষ্ঠা দেখুন

## বাংলাদেশকে সামুদ্রিক পরিবহনে সহযোগিতায় আনুষ্ঠানিক রূপরেখার প্রস্তাব পাকিস্তানের

সূর্যোদয় প্রতিবেদন

দ্বিপাক্ষিক সামুদ্রিক সহযোগিতা আরও জোরদারে বাংলাদেশের সঙ্গে আনুষ্ঠানিক কাঠামো গড়ে তুলতে চায় পাকিস্তান। এ লক্ষ্যেই পাকিস্তান ন্যাশনাল শিপিং কর্পোরেশন (পিএনএসসি) এবং বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি)এর মধ্যে একটি সহযোগিতা রূপরেখা প্রতিষ্ঠার প্রস্তাব দিয়েছে দেশটি। লন্ডনে বাংলাদেশের নৌপরিবহনবিষয়ক উপদেষ্টা অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জেনারেল ড. এম. সাখাওয়াত হোসেনের সঙ্গে এক বৈঠকে পাকিস্তানের সমুদ্রবিষয়ক মন্ত্রী মুহাম্মদ জুনাইদ আনোয়ার চৌধুরী প্রস্তাবটি আনুষ্ঠানিকভাবে

৩-এর পৃষ্ঠা দেখুন

### জীবন ধারা



## উপকারী হলেও মেথি ভেজানো পানি কাদের জন্য বিপজ্জনক?

সূর্যোদয় প্রতিবেদন

সোশ্যাল মিডিয়ায় স্বাস্থ্যট্রেন্ড হিসেবে বেশ জনপ্রিয় মেথি দানা ভেজানো পানি। রক্তে শর্করা নিয়ন্ত্রণ, হজমশক্তি বাড়ানো, পেটের সমস্যা দূর করা সব মিলিয়ে বহু গুণের জন্য মেথি পরিচিত। ফাইবার, প্রোটিন, আয়রন, ম্যাগনেসিয়াম ও নানা ভিটামিনে ভরপুর এই মসলা নিয়মিত সেবনে উপকার মিললেও, বিশেষজ্ঞরা বলছেন কিছু ক্ষেত্রে মেথি ভেজানো পানি হতে পারে উল্টো ক্ষতির কারণ। কারা এড়িয়ে চলবেন মেথি ভেজানো পানি? আয়ুর্বেদ মতে মেথির প্রকৃতি উষ্ণ। যাদের শরীরে পিত্তের আধিক্য বা অ্যাসিডিটির সমস্যা রয়েছে, তাদের জন্য মেথি পানি হজমের গোলমাল, পেট ব্যথা ও অস্বস্তি আরও বাড়াতে পারে। লিভার ডিসঅর্ডারে ভুগলে মেথি পানি না খাওয়ার পরামর্শ দিচ্ছেন বিশেষজ্ঞরা। এতে ব্লোটিং, এসিডিটি বাড়তে পারে এবং লিভারের কোষ ক্ষতিগ্রস্ত হওয়ার ঝুঁকি থাকে। গর্ভবতী নারীরা চিকিৎসকের পরামর্শ ছাড়া কখনোই মেথি ভেজানো পানি খাবেন না। মেথির উষ্ণতা অকাল

৩-এর পৃষ্ঠা দেখুন




## বিএডিসি’র পানি ব্যবহারকারী গ্রুপের দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর: বিএডিসি কর্তৃক বাস্তবায়িত পানি ব্যবহারকারী গ্রুপের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে একটি দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার দুপুরে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এই কর্মশালার আয়োজন করা হয়।

বিএডিসি মেহেরপুর জোন (ক্ষুদ্রসেচ) এর সহকারি পরিচালক সোহেল সভাপতিত্ব করেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। প্রশিক্ষণে মেহেরপুর জোন (ক্ষুদ্রসেচ) এর সদস্যরা অংশগ্রহণ করেন।



## বিশ্বসেরা তরুণ পরমাণু বিজ্ঞানীর তালিকায় বাংলাদেশের বাহাউদ্দিন

সূর্যোদয় প্রতিবেদন

বিশ্বসেরা তরুণ পরমাণু বিজ্ঞানীদের তালিকায় স্থান পেয়ে গৌরব বয়ে এনেছেন বাংলাদেশি বিজ্ঞানী সৈয়দ বাহাউদ্দিন আলম। আমেরিকান নিউক্লিয়ার সোসাইটি (এএনএস) ঘোষিত ‘নিউক্লিয়ার নিউজ ৪০ আন্ডার ৪০২০২৪’ তালিকায় তিনি প্রথম বাংলাদেশি হিসেবে অন্তর্ভুক্ত হয়েছেন। ১৯৫৪ সাল থেকে পারমাণবিক বিজ্ঞান ও প্রযুক্তির শান্তিপূর্ণ ব্যবহার প্রসারে কাজ

৩-এর পৃষ্ঠা দেখুন



## কুষ্টিয়ায় অবৈধ ১৩ ইটভাটা ভেঙে দিয়েছে ভ্রাম্যমাণ আদালত

নিজস্ব প্রতিবেদক. কুষ্টিয়া

কুষ্টিয়ার কুমারখালী উপজেলায় অনুমোদনহীন ১৩টি ইটভাটা ভ্রাম্যমাণ আদালতের অভিযান চলাকালে ধ্বংস করা হয়েছে। মঙ্গলবার (২৫ নভেম্বর) সকাল থেকে দুপুর পর্যন্ত চরসাধিপুর ইউনিয়নে এই অভিযান পরিচালনা করেন পরিবেশ অধিদফতরের নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. আসিফুর রহমান।

অভিযান চলাকালে কাঁচা ও পোড়ানো ইট, পাশাপাশি ইট তৈরির সরঞ্জাম ভাঙচুর করে এসব ইটভাটা অচল করা হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট জানান, ২০০৬ সাল থেকে ইটভাটায় ড্রাম চিমনি ব্যবহার নিষিদ্ধ হলেও কিছু ইটভাটা মালিক তা অবৈধভাবে ব্যবহার করছিলেন। পরিবেশ অধিদফতরের উপপরিচালক মো. এমদাদুল হক

৩-এর পৃষ্ঠা দেখুন



## কুষ্টিয়ার শ্রমিকদল নেতা আন্নুর মরদেহ ফরিদপুরে উদ্ধার

নিজস্ব প্রতিবেদক. কুষ্টিয়া

কুষ্টিয়া সদর উপজেলার শ্রমিকদল সাধারণ সম্পাদক এবং বাস মালিক সমিতির কর্মকর্তা আবেদুর রহমান আন্নু ফরিদপুরের পদ্মা নদী থেকে মৃত অবস্থায় উদ্ধার করা হয়েছে। আন্নুর বাড়ি কুষ্টিয়া পৌর এলাকার পূর্ব মজমপুরে। গতকাল মঙ্গলবার সকালে মরদেহ ময়নাতদন্তের জন্য

৩-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় ভেঙে দেয়া হলো ৪টি অবৈধ ইটভাটা

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার দামুড়হুদায় পরিবেশ অধিদপ্তর অভিযান চালিয়ে চারটি অবৈধ ইটভাটা ভেঙে দিয়েছে। গতকাল মঙ্গলবার খুলনা বিভাগীয় পরিবেশ অধিদপ্তরের নির্বাহী ম্যাজিস্ট্রেট মমতাজ বেগম দিনব্যাপী এ অভিযান পরিচালনা করেন। জানা গেছে, জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গার রাইসা ব্রিকস ইটভাটা, বর্ষা ব্রিকস ইটভাটা, চিৎলার হিরো ব্রিকস ইটভাটা ও দেশ ব্রিকস ইটভাটায় অভিযান চালানো হয়। এসব ইটভাটা পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রসহ কোনো বৈধ কাগজ পত্র দেখাতে না পারায় ইটের গাঁথুনির ফিক্সর্ড চিমনি ভেঙ্গে দেওয়া হয়। তথ্য নিশ্চিত করে চুয়াডাঙ্গা পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক নরেশ চন্দ্র বিশ্বাস বলেন, ভাটার মালিকগণ বৈধ কাগজপত্র

৩-এর পৃষ্ঠা দেখুন



## কেরু অ্যান্ড কোম্পানিতে শ্রমিক সংঘর্ষ, ১০ জন আহত

### নির্বাচন দাবিতে উত্তেজনা, পুলিশ-সেনা মোতায়েন

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার দর্শনায় কেরু অ্যান্ড কোম্পানি শ্রমিক-কর্মচারী ইউনিয়নের দীর্ঘদিন ধরে স্থগিত থাকা নির্বাচন দাবিকে কেন্দ্র করে গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১১টার দিকে দুই গ্রুপের মধ্যে ভয়াবহ সংঘর্ষ

৩-এর পৃষ্ঠা দেখুন



## কালীগঞ্জে দুই বিএনপি নেতার বহিষ্কারাদেশ প্রত্যাহার

নিজস্ব প্রতিবেদক. ঝিনাইদহ

ঝিনাইদহের কালীগঞ্জে বিএনপি দলীয় সিদ্ধান্ত অনুযায়ী দুই নেতার বহিষ্কারাদেশ প্রত্যাহার করা হয়েছে। সোমবার (২৪ নভেম্বর) রাতে দলের জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী স্বাক্ষরিত এক

৩-এর পৃষ্ঠা দেখুন



## কোনো ঝামেলা ছাড়াই ছাব্বিশের নির্বাচন অনুষ্ঠিত হবে: মির্জা ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, সব পক্ষের অংশগ্রহণ ও অনুকূলে থাকা পরিস্থিতির কারণে আগামী ২৬ ফেব্রুয়ারির নির্বাচন কোনো ধরনের ঝামেলা ছাড়াই শান্তিপূর্ণভাবে

৩-এর পৃষ্ঠা দেখুন


জামান বস্ত্রালয়
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

### প্রযুক্তি

## সংগীতের জাদুতে সহজ হচ্ছে অস্ত্রোপচার, আরোগ্যও দ্রুত: গবেষণা

সূর্যোদয় প্রতিবেদন

অস্ত্রোপচারের মতো স্পর্শকাতর পরিস্থিতিতেও সংগীতের মৃদু সুর উপকারী হতে পারে, এমন দাবিই করা হয়েছে ভারতের এক নতুন গবেষণায়। দিল্লির মাওলানা আজাদ মেডিকেল কলেজ ও লোক নায়ক হাসপাতালের গবেষকরা দেখিয়েছেন, সাধারণ চেতনানাশকের সময় কানে মৃদু ফ্লুট বা পিয়ানোর সুর বাজানো হলে রোগীর শরীরে কম পরিমাণে চেতনানাশকের ওষুধের প্রয়োজন হয়। অস্ত্রোপচারের পরও এই রোগিরা আরও দ্রুত চেতনা ফিরে পান। এই গবেষণাটি মিউজিক অ্যান্ড মেডিসিন জার্নালে প্রকাশিত হয়েছে। এটি ল্যাপারোস্কোপিক গলব্লাডার অপসারণের মতো দ্রুত অপারেশনের রোগীদের উপর পরিচালিত হয়। এই অপারেশনের পর দ্রুত আরোগ্য অত্যন্ত জরুরি। গবেষণায় দেখা গেছে, যেসব রোগীর কানে হেডফোনের মাধ্যমে শান্তিদায়ক বাদ্যযন্ত্রের



৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু’র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ই.সি.জি (কম্পিউটারাইজড) এক্স-রে আল্ট্রাসনোগ্রাফি হরমন এনালাইসিস সকল প্রকার প্যাথলজি পরীক্ষা মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেস্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন-রাত মানবিক সেবার লক্ষে
কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)
কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর। সিরিয়ালের জন্য: ০১৭৫৭-৮২৮২৭৮
স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-
মেডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান
এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. সি.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।
রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা
ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা
নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ,স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা
গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা
এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অব্স এন্ড গাইনী) সি.এম.ইউ(আল্ট্রাসনোগ্রাফি)
রাগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা
--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --
হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।
ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) | ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। | ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, বুধবার, ২৬ নভেম্বর ২০২৫ ইং

## মেহেরপুর পৌরসভা-অব্যবস্থাপনার দায় এড়াবে কে?

মেহেরপুর পৌরসভা আজ যে অবস্থায় দাঁড়িয়েছে, তা শুধু প্রশাসনিক ব্যর্থতা নয়-এটি উদাসীনতারও পরিণতি। নাগরিক সেবা দেওয়ার দায়িত্ব আইনগতভাবে পৌরসভার, কিন্তু বাস্তবে শহরজুড়ে যা দেখা যাচ্ছে, তা রীতিমতো ভয়াবহ। ভাঙা রাস্তা, জলাবদ্ধ ড্রেন, বর্জ্যের স্তুপ, পানি সংকট ও অন্ধকার-এই পাঁচটি সমস্যা মেহেরপুরকে এক ধরনের স্থবির শহরে পরিণত করেছে। বছরের পর বছর নাগরিকরা অভিযোগ করে যাচ্ছেন, কিন্তু কর্তৃপক্ষ শুধু আশ্বাস দিয়ে নিজেদের দায়িত্ব শেষ করছে। উন্নয়ন প্রকল্প কোথায়? বরাদ্দের টাকা কিভাবে ব্যয় হচ্ছে? তদারকি কে করছে?-এসব প্রশ্নের কোনো জবাব নেই। এই অব্যবস্থাপনার পিছনে পৌর প্রশাসক ও রাজনৈতিক নেতৃত্বেরও দায় রয়েছে। স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলো যদি রাজনৈতিক সদিচ্ছার অভাবে অচল হয়ে থাকে-তাহলে তার খেসারত দিতে হবে সাধারণ মানুষকেই। যে শহরে দিনে আধা ঘণ্টা পানি পাওয়া যায়, রাস্তায় হাঁটা যায় না, অন্ধকারে মেয়েদের চলাফেরা নিরাপদ নয়-সেই শহরকে "শহর" বলা যায় কীভাবে? এটি নাগরিক অধিকার ক্ষুণ্ন করার সরাসরি উদাহরণ। করদাতাদের অর্থ ব্যয় হচ্ছে, কিন্তু প্রতিদানে সেবা নেই-এটি প্রশাসনিক ব্যবস্থাপনার ব্যর্থতার পাশাপাশি জবাবদিহির ঘাটতি। পৌরসভার মুখপাত্ররা বাজেট সংকটের কথা বলছেন। কিন্তু প্রশ্ন হলো-বাজেট কোথায় ব্যয় হচ্ছে? কোন পরিকল্পনা বাস্তবায়িত হচ্ছে? তদারকি ও স্বচ্ছতার ঘাটতি আজ মেহেরপুরকে এই অবস্থায় নামিয়েছে। দায় এড়ানোর সুযোগ নেই। পৌরসভাকে অবিলম্বে ভাঙা রাস্তা সংস্কার, ড্রেন পরিষ্কার, নিয়মিত বর্জ্য অপসারণ, স্থায়ী পানি সরবরাহ এবং পুরো শহরে স্ট্রিটলাইট সচল করার বাধ্যবাধকতা নিতে হবে। শুধু বছরে বছরে আশ্বাস দিয়ে উন্নয়ন হয় না-এটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বুঝতে হবে। মেহেরপুরবাসীর দাবি স্পষ্ট- প্রতিশ্রুতি নয়, ফলাফল দেখতে চান তারা। যদি পৌরসভা ব্যর্থ হয়, তবে তার রাজনৈতিক দায়ও নির্দিষ্ট করতে হবে। নাগরিক অধিকার অবহেলার কোনো যুক্তি নেই-এগুলোর জবাবদিহি আজ বা কাল-দিতেই হবে।

## মেহেরপুরে শিশুস্বাস্থ্য: কার সিংহাসন বাঁচাতে গিয়ে শিশুর জীবন মরছে?

আশরাফুন নাহার



মেহেরপুরের শীত শুরু হয়েছে, কিন্তু ঠান্ডা পড়ার আগেই স্বাস্থ্যব্যবস্থা ঠান্ডা হয়ে গেছে। শিশুরা হাঁপিয়ে উঠছে, নিউমোনিয়ায় কাঁপছে, হাসপাতালে জায়গা নেই-আর রাষ্ট্র? রাষ্ট্র উদাসীন, অচেতন, যেন দুঃসময়ের দর্শক। যেন এই দেশের শিশুদের বাঁচানো তার দায়িত্ব নয়, দয়ামায়ার বিষয়।

জাতীয় পর্যায়ে প্রতিদিন ৩১০ জন শিশু ঠান্ডাজনিত রোগে হাসপাতালমুখী হচ্ছে-এটা ভয়াবহ। কিন্তু মেহেরপুরে পরিস্থিতি আরও নির্মম। এখানে হাসপাতাল আছে-কিন্তু সেবা নেই। ডাক্তার আছে-কিন্তু পাওয়া যায় না। উন্নয়নের পোস্টার আছে-কিন্তু শিশুস্বাস্থ্যে উন্নয়ন নেই। বছরের পর বছর একই সমস্যা চললেও কেউ নড়েচড়ে বসে না। যেন মেহেরপুর কোনো জেলার নাম নয়, রাজনৈতিক দৃষ্টিহীনতার গুমোট ঘর। শিশুরা কাশছে, হাঁপাচ্ছে, ঠান্ডায় কাঁপছে-আর প্রশাসন ব্যস্ত উন্নয়ন উৎসব, সেলফি অনুষ্ঠান আর প্রটোকল শোতে। স্বাস্থ্যসেবার ভাঙা কাঠামো ঢাকতে যতটা তৎপর, তার এক-চতুর্থাংশ তৎপরতাও যদি হাসপাতালে দেয়া হতো, তাহলে আজ কমপক্ষে কিছু শিশু কষ্ট পেত না। সত্যিটা খুবই কঠিন-মেহেরপুরে শিশুরা আজ যে অবহেলার শিকার, সেটি দুর্ঘটনা নয়; এটি পরিকল্পিত ব্যর্থতা। কার পরিকল্পনা? যার হাতে ক্ষমতা।

যার হাতে বাজেট। যারা ভোটের সময়ে কান পেতে থাকে, অথচ শিশুর কান্না তাদের কানে একটুও পৌঁছায় না। শীতকালে শিশুরা অতিরিক্ত ঝুঁকিতে থাকবে-এটা নতুন তথ্য নয়। ধুলাবালি বাড়বে, দূষণ বাড়বে, সর্দি, কাশি, নিউমোনিয়া বাড়বে-এটা সবাই জানে। কিন্তু প্রশ্ন হলো: স্বাস্থ্যের দায়িত্বে যারা আছেন, তারা কী জানেন না? নাকি জানেন, কিন্তু করেন না? উত্তরটা খুবই সহজ-তারা জানেনও, করেনও; তবে শিশুর জন্য নয়, নিজেদের রাজনৈতিক আরাম বাঁচানোর জন্য। মেহেরপুরে আজও একটি পূর্ণাঙ্গ শিশু হাসপাতাল নেই-এটা জেলার জন্য লজ্জা নয়, বরং যাদের দায়িত্ব তারা লজ্জাহীনতার প্রতীক। রাজনীতিবিদরা উন্নয়নের বড় বড় গল্প বলবেন, কোটি টাকার প্রকল্পের কথা বলবেন, কিন্তু সদরের হাসপাতালে শিশুর জন্য একটি বেড বাড়াতে বছরের পর বছর লাগে। কেন? কারণ সেখানে কমিশন নেই, কাটমানি নেই, হইচই নেই। সন্তানের জীবন নিয়ে মেহেরপুরের মানুষ যখন দিশেহারা, তখন ক্ষমতাসীন মহলে সবচেয়ে জনপ্রিয় শব্দ হলো-"চাপ বেশি", "সুবিধা সীমিত", "বাজেট কম"। এই অজুহাতগুলো এতবার বলা হয়েছে যে এগুলো এখন এক ধরনের অবজ্ঞার ভাষায় পরিণত হয়েছে। শিশু মারা গেলেও প্রশাসন ঘুমায়, শিশু কষ্ট পেলেও জনপ্রতিনিধিরা নীরব-কারণ তাদের সন্তান তো বিদেশে পড়ে, ভালো হাসপাতালে চিকিৎসা নেয়। আর মেহেরপুরের দরিদ্র শিশুর ভাগ্যে জোটে অপেক্ষা, অবহেলা আর মৃত্যু। এটাই আমাদের স্বাস্থ্যব্যবস্থার নগ্ন চেহারা। মেহেরপুরকে আর শান্ত হয়ে বসে থাকা চলবে না। এ জেলার মানুষকে প্রশ্ন তুলতে হবে: শিশুস্বাস্থ্যের মতো মৌলিক বিষয়েও যদি উন্নয়ন না হয়, তাহলে উন্নয়নের বড়াই কোথায়? জেলা শহরে একটি পূর্ণাঙ্গ শিশু হাসপাতাল গড়া, ডাক্তার নিয়োগ, শয্যা বৃদ্ধি, আইসিইউ স্থাপন-এসব আর "আগামী দিনের পরিকল্পনা" হতে পারে না। এগুলো এখনই চাই; আজ চাই; এখনই দাবি তুলতে হবে। শিশুরা ভোট দিতে পারে না-কিন্তু তাদের বাঁচাতে হবে। আর যারা ক্ষমতায় আছেন, তারা যদি শিশুর জীবন বাঁচাতে ব্যর্থ হন-তাহলে জনগণই নির্ধারণ করবে কারা ব্যর্থ, কারা দায়িত্বজ্ঞানহীন, আর কারা ক্ষমতার যোগ্য নয়। মেহেরপুরের শিশুদের আর অবহেলার কবরস্থানে ঠেলে দেবেন না-অন্যায়ের বিরুদ্ধে আওয়াজ তোলুন। কারণ একটি শিশুর জীবন কোনো রাজনৈতিক ক্ষমতার চেয়ে হাজার গুণ বেশি মূল্যবান।

## ইসলামে শাসনব্যবস্থা ও আধুনিক গণতন্ত্র কোথায় ভিন্নতা, কোথায় মিল

জাহেদুল ইসলাম আল রাইয়ান

ইসলামের শাসনব্যবস্থার মূল ভিত্তি কুরআন, হাদিস ও শরিয়াহভিত্তিক নীতিমালা। এসব নীতির আলোকে দেখা যায়, আধুনিক গণতন্ত্রের পুরো কাঠামো ইসলামের আদর্শের সঙ্গে সম্পূর্ণ সামঞ্জস্যপূর্ণ নয়। কারণ গণতন্ত্রে আইন প্রণয়ন ও রাষ্ট্র পরিচালনার ক্ষমতা মানুষের হাতে, আর ইসলামে পূর্ণ শাসনসার্বভৌমত্ব একমাত্র আল্লাহর। আধুনিক গণতন্ত্রে সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ইসলামী চিন্তাবিদদের মতে, মানুষের ভোটে তৈরি সিদ্ধান্ত সবসময় ন্যায়সঙ্গত বা শরিয়তসম্মত নাও হতে পারে। এ কারণে গণতন্ত্রের কাঠামো ইসলামের মূলনীতির সঙ্গে সরাসরি মিল খুঁজে পাওয়া কঠিন। তবে ইসলাম পরামর্শ, অংশগ্রহণ ও নেতৃত্ব নির্বাচনের গুরুত্ব অস্বীকার করে না। কুরআনে বলা হয়েছে- "তারা নিজেদের বিষয় পরস্পরের পরামর্শে পরিচালনা করে।" (সূরা শূরা: ৩৮) এই 'শূরা'ই ইসলামী শাসনের ভিত্তি। বিশিষ্ট আলেম ড. ইউসুফ আল-কারদাবি মনে করেন-গণতন্ত্র ইসলামের পূর্ণ বিকল্প নয়, তবে এর কিছু ভালো দিক শূরা ব্যবস্থার সঙ্গে সমন্বয় করা সম্ভব। তার মতে- সৎ ও স্বচ্ছ নির্বাচন, জবাবদিহিমূলক শাসন. জনসম্পৃক্ততা -এসব মূল্যবোধ শরিয়াহর সঙ্গে সাংঘর্ষিক নয়। অন্যদিকে ঐতিহ্যগত স্কলার যেমন শায়খ আশরাফ আলী থানভী গণতন্ত্রকে পুরোপুরি সমর্থন না করলেও যোগ্য নেতৃত্ব নির্বাচনের ক্ষেত্রে ভোটদানকে একটি গ্রহণযোগ্য ও প্রয়োজনীয় মাধ্যম হিসেবে ব্যাখ্যা করেছেন। তাদের মতে, সংখ্যাগরিষ্ঠতা সবসময় সত্যের প্রতিনিধিত্ব করে না, তবে সৎ উদ্দেশ্যে দেওয়া ভোট সমাজে কল্যাণ বয়ে আনতে পারে।

চার মাজহাবের নির্দেশনা হানাফি, মালিকি, শাফি ও হাম্বলি চার মাজহাবেই নেতৃত্ব নির্বাচে

নর মৌল নীতি- যোগ্যতা, ন্যায়পরায়ণতা, মুসলিম সমাজের কল্যাণ। হানাফি মাজহাবে শূরা পদ্ধতি গুরুত্ব পেয়েছে। মালিকি ও শাফি ইমামরা দক্ষ ও সৎ নেতৃত্বকে অপরিহার্য বলেছেন। হাম্বলি মাজহাবও ন্যায়নিষ্ঠ শাসনের ওপর জোর দিয়েছে। মুফতি মুহাম্মদ শফী (রহ.) ভোটকে তিনটি বিষয় হিসেবে ব্যাখ্যা করেছেন- সাক্ষ্য, সুপারিশ, প্রতিনিধিত্ব অর্পণ। শরীয়তে এসব বিষয়ের গুরুত্ব অপরিসীম। কারণ ভোট মানে হলো- একজন নেতার নীতি ও কর্মকাণ্ডের অংশীদার হওয়া,

ভবিষ্যৎ রাষ্ট্র পরিচালনায় তাকে অনুমোদন দেওয়া। কুরআনে বলা হয়েছে- "যে ভালো সুপারিশ করবে সে তার কল্যাণে অংশীদার হবে; আর যে মন্দ সুপারিশ করবে, সেও তাতে অংশীদার হবে।" গণতন্ত্রের পুরো কাঠামো ইসলামের সঙ্গে মিল না থাকলেও শূরা, ন্যায়, সততা, আমানত ও শরীয়াহর নৈতিক সীমা বজায় রেখে ভোটদান ইসলামী দৃষ্টিকোণ থেকে গ্রহণযোগ্য। বরং সৎ নেতৃত্ব নির্বাচন হলে এটি সমাজের কল্যাণ ও ন্যায় প্রতিষ্ঠার কার্যকর মাধ্যম হয়ে উঠতে পারে। ইসলামী নীতি ও অংশগ্রহণমূলক শাসনব্যবস্থা-এই দুইয়ের সমন্বয়ই হতে পারে মুসলিম সমাজের সর্বোত্তম পথ।

## রাজনৈতিক সহমতে গ্যাং, মেহেরপুরে

(প্রথম পৃষ্টার পর)

অ্যাড. মোস্তাফিজুর রহমান বলেন, কিশোর গ্যাং শুধু শহরের কেন্দ্রে সীমাবদ্ধ নয়, বরং শহরতলাসহ আশপাশের গ্রামেও ছড়িয়ে পড়ছে। স্কুলের মাঠ, খোলা জায়গা এবং পথচারীদের জন্য রাস্তাগুলো এখন ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে। ব্যবসায়ীরা বলছেন, দোকানপাট ভাঙচুর এবং ছিনতাই বেড়ে যাওয়ায় শহরের অর্থনৈতিক কার্যক্রম ক্ষতিগ্রস্ত হচ্ছে। বিশেষজ্ঞরা মনে করেন, কিছু রাজনৈতিক গোষ্ঠীর 'সহমত' কিশোরদের অপরাধকে আরও স্বচ্ছন্দ করেছে। রাজনৈতিক গ্যাংয়ের সদস্যরা পুলিশের চোখ এড়িয়ে বিভিন্ন অপরাধ চালাচ্ছে। এর ফলে সাধারণ মানুষ এবং ব্যবসায়ীদের মধ্যে আতঙ্কের পরিবেশ তৈরি হয়েছে। স্থানীয় প্রশাসন অপরাধ দমন করতে তৎপর না হওয়ায় কিশোরদের আচরণ আরও বেআরাম্ভিত হয়েছে। পুলিশের একটি সূত্র বলেছে, "পর্যাপ্ত মানববল এবং সরঞ্জাম না থাকায় প্রতিটি ঘটনা দ্রুত দমন করা সম্ভব হচ্ছে না। সামাজিক সংগঠনগুলোর সচেতনতা বৃদ্ধি ও কিশোরদের বিকল্প কার্যক্রমে অংশগ্রহণের উদ্যোগ গ্রহণের সুযোগ থাকলে তাদের ভূমিকা আশাজনক নয়।। বিশেষজ্ঞরা বলছেন, শিক্ষা, বিনোদন এবং সমাজসেবা কার্যক্রম কিশোরদের নৈতিক ও সামাজিক বিকাশে সহায়ক। তবে সমস্যার স্থায়ী সমাধানের জন্য প্রয়োজন রাজনৈতিক এবং প্রশাসনিক সহমতের সঙ্গে নাগরিক ও সমাজকর্মীদের সম্মিলিত উদ্যোগ। বিশেষজ্ঞরা সতর্ক করে বলছেন, কিশোর অপরাধ এখন শুধু শহরের মধ্যেই সীমাবদ্ধ নয়-এটি দ্রুত শহরতলি ও আশপাশের গ্রামাঞ্চলেও ছড়িয়ে পড়তে পারে। যদি প্রশাসন ও রাজনৈতিক দল এই সমস্যা সমাধানে নীতি এবং বাস্তব পদক্ষেপ না নেয়, তাহলে পরিস্থিতি আরও ভয়াবহ রূপ নিতে পারে।

## লটারিতে ৬৪ জেলার পুলিশ সুপার চূড়ান্ত

(প্রথম পৃষ্টার পর)

ডিএমপি কমিশনার শেখ মো. সাজ্জাত আলী। এছাড়া স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তা ও প্রধান উপদেষ্টা কার্যালয়ের প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন। সূত্র জানায়, এসপি নিয়োগের তালিকা তৈরির ক্ষেত্রে কয়েকটি ধাপ অনুসরণ করা হয়। প্রথমে যেসব কর্মকর্তা অতীতে কোনো জেলায় পুলিশ সুপার হিসেবে দায়িত্ব পালন করেছেন-তাদের তালিকা থেকে বাদ দেওয়া হয়। এরপর পুলিশ ক্যাডারের ২৫, ২৭ ও ২৮তম ব্যাচের কর্মকর্তাদের মধ্য থেকে যাচাইবাছাই করে একটি ফিট লিস্ট তৈরি করা হয়। ওই তালিকায় থাকা কর্মকর্তাদের মধ্য থেকেই লটারির মাধ্যমে ৬৪ জনকে নির্বাচিত করা হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও পুলিশ সদর দপ্তর আরো জানায়, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে ফেব্রুয়ারির প্রথমার্ধ থেকেই মাঠ পর্যায়ের কর্মকর্তাদের বদলি ও পদায়ন প্রক্রিয়া শুরু করা হয়। প্রধান উপদেষ্টার নির্দেশনা অনুযায়ী যোগ্য কর্মকর্তাদের তালিকা তৈরি করে নির্বাচনকেন্দ্রিক জেলাওয়ারি পদায়নে লটারির সিদ্ধান্ত নেওয়া হয়। প্রজ্ঞাপন জারি হলে নির্বাচিত কর্মকর্তারা দ্রুতই নিজ নিজ জেলায় যোগ দেবেন বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।

## মনোনয়ন সংকটে গাংনীতে বিএনপির

(প্রথম পৃষ্টার পর)

নেতাদের বিরুদ্ধে পরিকল্পিত অপপ্রচার চালানো হচ্ছে, যা পরিস্থিতিকে আরও ঘনীভূত করছে। অপর দিকে জাভেদ মাসুদ মিল্টন পক্ষর মতে গত ১৭ বছর নেতা কর্মীদের দুদিনে জাভাদে মাসুদ মিল্টন ছাড়া অন্যকে পাওয়া যায়নি। কেন্দ্র যে মনোনয়ন দিয়েছে তা দলীয় তৃনমুলের সাথে বিশ্বাসঘাতকতা। কয়েকশ নেতাকর্মী সড়কে জড়ো হলেই পুলিশ দ্রুত অবস্থান নেয়। কোনো ধরনের অবরোধ বা সহিংসতা এড়াতে আইনশৃঙ্খলা বাহিনী তৎপর রয়েছে। পুলিশ বলছে- "অনুমতি ছাড়া কর্মসূচি হলে ব্যবস্থা নেওয়া হবে।" অপরদিকে বিএনপি নেতা-কর্মীদের অভিযোগ- "গণতান্ত্রিক প্রতিবাদ ঠেকাতে পুলিশ মাঠে নামছে।" মনোনয়ন সংকটে সাধারণ কর্মীদের মধ্যে হতাশা ও বিভ্রান্তি বেড়েছে। তাদের প্রশ্ন- "নেতৃত্বই যখন দুই ভাগে, আন্দোলন কোন পথে যাবে?" কর্মীদের অভিযোগ, মনোনীত প্রার্থী মাঠে ততটা সক্রিয় ছিলেন না; অন্যদিকে বঞ্চিত প্রার্থী জাভেদ মাসুদ ছিলেন কর্মীবান্ধব। ফলে সমর্থন এখন দুই শিবিরে বিভক্ত হয়ে পড়েছে। বিশেষ করে তরুণ কর্মীদের মধ্যে হতাশা বেশি। স্থানীয় রাজনৈতিক বিশ্লেষকদের মতে- পরিস্থিতি দ্রুত নিয়ন্ত্রণে না আনলে গাংনীতে বিএনপি চরম ক্ষতিগ্রস্ত হবে।"

তাদের ধারণা-দলীয় ভাঙন দীর্ঘায়িত হলে নির্বাচনী মাঠেও এর নেতিবাচক প্রভাব পড়বে। কেন্দ্রীয় সূত্র জানিয়েছে-পরিস্থিতি পর্যবেক্ষণে শিগগিরই বিশেষ দল পাঠানো হতে পারে। গাংনীতে বিএনপির রাজনীতিতে এখন একটাই শব্দ-অস্থিরতা। মনোনয়ন নিয়ে জন্ম নেওয়া এ সংকট দ্রুত সমাধান না হলে দলটি বড় রাজনৈতিক বিপর্যয়ের মুখোমুখি হতে পারে-যার প্রভাব পড়তে পারে আসন্ন জাতীয় নির্বাচনেও

## মেহেরপুরে ৬ মামলায় ১৪ জনের

(প্রথম পৃষ্টার পর)

করে গুরুতর জখম করে। এছাড়া এক বাদীকে শ্লীলতাহানীও করা হয়। একই তারিখে আরেকটি মামলায় (জি.আর-২০৯/১৮, গাংনী) মোঃ জুলফিকার আলী ও মোঃ আরিফুল ইসলাম প্রত্যেককে ৬ মাসের কারাদণ্ড ও ১,০০০ টাকা অর্থদণ্ড, অনাদায়ে ১৫ দিনের অতিরিক্ত কারাদন্ডের আদেশ দিয়েছেন । মামলার বিবরণে জানা যায়, জমি সংক্রান্ত বিরোধের জেরে আসামীরা ইট ও লাঠি দিয়ে বাদীর পিতৃপরিবারকে আঘাত করেছে। অপরদিকে, (জি.আর-১২২/১৮, গাংনী) মোঃ ফিরোজ শেখ, মোঃ লিটন মেম্বর, মোঃ আলফাজ প্রত্যেকে ৫ বছর কারাদণ্ড ও ২০,০০০ টাকা জরিমানা, অনাদায়ে ২ মাসের কারাদন্ডের আদেশ দিয়েছেন। অপর আসামী মোঃ জান্নাত ও মোঃ নাহিদ প্রত্যেকে ২ বছর কারাদণ্ড এবং ২০,০০০ টাকা জরিমানা, অনাদায়ে ২ মাসের কারাদন্ডের আদেশ দিয়েছেন । মামলার বিবরণে উল্লেখ করা হয়েছে, বামুন্দী বাজারের পশুর হাটের ইজারাকে কেন্দ্র করে বিভিন্ন ব্যক্তিকে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করা হয়েছে।

## মুজিবনগরে জামায়াতে ইসলামের

(প্রথম পৃষ্টার পর)

মাওলানা খান জাহান আলী,দায়রাপুর ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী মাওলানা ফিরাতুল ইসলাম। এ ছাড়াও উপস্থিত ছিলেন জেলা জামায়াতের বাইতুল মাল সম্পাদক জারজিস হোসাইন, উপজেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি ফজলুল হক গাজী, মোনাখালী ইউনিয়ন জামায়াতের আমির মোখলেছুর রহমান, এবং স্থানীয় নেতৃবৃন্দ। কর্মসূচিতে নেতৃবৃন্দ স্থানীয় জনগণের সঙ্গে সরাসরি সংযোগ স্থাপন করেন, চলমান সামাজিক ও রাজনৈতিক পরিস্থিতি নিয়ে আলোচনা করেন এবং সংগঠনের কার্যক্রম তুলে ধরেন।

## মেহেরপুরে বিএনপির বিক্ষোভ মিছিল

(প্রথম পৃষ্টার পর)

বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি হাফিজুর রহমান হাফি, মীর গোলাম ফারুক, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সাবেক সদস্য জাকির হোসেন, পৌর বিএনপির সাধারণ সম্পাদক এহান উদ্দিন মনা, জেলা যুবদলের সহ-সভাপতি মোশারফ হোসেন তপু, সদস্য মেহেদী হাসান রোলেক্সসহ জেলা ও উপজেলা পর্যায়ের শীর্ষ নেতৃবৃন্দ। নেতাকর্মীরা বলেন, "ত্যাগী ও জনপ্রিয় নেতার হাতে মনোনয়ন দিলে বিএনপির বিজয় নিশ্চিত করা সম্ভব।" তারা দলের সিদ্ধান্তের প্রতি শ্রদ্ধা রেখে গণতান্ত্রিকভাবে দাবি আদায় ও সংগঠনকে আরও সুসংগঠিত করার প্রত্যয় ব্যক্ত করেন।

## গাংনীতে আমজাদের গণসংযোগ ও

(প্রথম পৃষ্টার পর)

মেহেরপুর-২ (গাংনী) আসনের প্রার্থী মোঃ আমজাদ হোসেন মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা ও পৌর বিএনপির কার্যালয়ে বেগম খালেদা জিয়ার দ্রুত রোগমুক্তি কামনায় দোয়া ও মিলাদ মাহফিল আয়োজন করেন। দোয়া-মাহফিলে উপস্থিত ছিলেন বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ, সহ উপাধ্যক্ষ নাসির উদ্দিন, সাজেদুর রহমান বুলবুল, রবিউল ইসলাম রবি, সারকিদুল ইসলাম ও আব্দুল আলিম মাস্টার।

## মেহেরপুর উপজেলার প্রশাসনের

(প্রথম পৃষ্টার পর)

ইসলাম। সভায় উপস্থিত ছিলেন সহকারি কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা, সদর থানার অফিসার ইনচার্জ (তদন্ত) সেলিম রেজা, উপজেলা শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন, প্রাথমিক শিক্ষা অফিসার ফারুক উদ্দিন, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান, পল্লী উন্নয়ন কর্মকর্তা রকিবুল ইসলাম এবং বিভিন্ন ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যানরা। সভায় আইন-শৃঙ্খলা রক্ষা, চোরাচালান প্রতিরোধ এবং উপজেলা প্রশাসনের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

## চট্টগ্রাম বন্দর পরিচালনা নিয়ে রায় ৪

(প্রথম পৃষ্টার পর)

খোকন ও ব্যারিস্টার কায়সার কামাল। রাষ্ট্রপক্ষে উপস্থিত ছিলেন অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান এবং অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল অনীক আর হক। এর আগে গত ১৩ নভেম্বর অ্যাটর্নি জেনারেল আদালতকে আশ্বস্ত করেছিলেন যে রুলের নিষ্পত্তি না হওয়া পর্যন্ত নিউমুরিং কনটেইনার টার্মিনাল বিদেশি প্রতিষ্ঠানের কাছে হস্তান্তর করা হবে না। আদালতের ওই দিনের কার্যক্রমে জ্যেষ্ঠ আইনজীবী আহসানুল করিম জানান, রুল শুনানি শেষ না হওয়া পর্যন্ত এনসিটি হস্তান্তর না করার বিষয়ে তাঁদের আবেদনে রাষ্ট্রপক্ষ ইতিবাচক অবস্থান জানিয়েছে। গত ৩০ জুলাই চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের বিদেশি কোম্পানির সঙ্গে এনসিটি পরিচালনার চলমান প্রক্রিয়া কেন আইনগত কর্তৃত্ববহির্ভূত ঘোষণা করা হবে না- তা জানতে চেয়ে রুল জারি করেন হাইকোর্ট। পাশাপাশি সংশ্লিষ্ট আইন ও নীতিমালা অনুসরণ করে ন্যায্য ও প্রতিযোগিতামূলক দরপত্র আহ্বান ছাড়া কোনো অপারেটরকে দায়িত্ব দেওয়ার বৈধতাও প্রশ্নবিদ্ধ করা হয় রুলে। এনসিটি বিদেশি প্রতিষ্ঠানের কাছে হস্তান্তরের প্রক্রিয়ার বৈধতা চ্যালেঞ্জ করে বাংলাদেশ যুব অর্থনীতিবিদ ফোরামের পক্ষে সংগঠনটির সভাপতি মির্জা ওয়ালিদ হোসাইন রিট আবেদন করেন। রিটে নৌসচিব, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান এবং পিপিপি কর্তৃপক্ষের প্রধান নির্বাহী কর্মকর্তাকে বিবাদী করা হয়েছে। বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন সংযুক্ত করে এনসিটি পরিচালনায় ন্যায্য ও প্রতিযোগিতামূলক দরপত্র আহ্বান নিশ্চিত করার নির্দেশনা চেয়েও রিটে আবেদন জানানো হয়।

## উজলপুরে সবজি বোঝাই ট্রাক উল্টে

(প্রথম পৃষ্টার পর)

সদস্যরা এসে তাকে উদ্ধার করে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করেন।

## নিউমোনিয়ায় আক্রান্ত খালেদা জিয়া

(প্রথম পৃষ্টার পর)

তাঁকে হাসপাতালে নেওয়ার পর বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষার ভিত্তিতে ভর্তি করা হয়। চিকিৎসকরা জানান, নিউমোনিয়ার সঙ্গে তাঁর মাল্টিডিজিসজনিত জটিলতাও কিছুটা বেড়েছে। বয়সজনিত কারণে সব চিকিৎসা একসঙ্গে দেওয়া যাচ্ছে না। এখন পর্যন্ত বেশ কিছু পরীক্ষার ফল ভালো হলেও কিছু ফল আশঙ্কাজনক।

মেডিকেল বোর্ডের সদস্য অধ্যাপক এফ এম সিদ্দিকী বলেন, কেবিনেই তাঁকে নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়েছে। কয়েক মাস ধরে তিনি ঘন ঘন অসুস্থ হচ্ছিলেন; এবার একাধিক সমস্যা একসঙ্গে দেখা দেওয়ায় হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাঁর বুকে সংক্রমণ রয়েছে। যেহেতু আগে থেকেই হার্টের সমস্যা ছিল-পেসমেকার ও স্টেন্টিং করা-ফলে হার্ট ও ফুসফুস একসঙ্গে আক্রান্ত হওয়ায় শ্বাসকষ্ট বেড়েছে। খালেদা জিয়ার ব্যক্তিগত চিকিৎসক ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য এ জেড এম জাহিদ হোসেন বলেন, "চেয়ারপারসনের শারীরিক অবস্থা বিবেচনায় সর্বোচ্চ সতর্কতা নিয়ে চিকিৎসা চলেছে। এখনো কোনো গুরুতর আশঙ্কা করছি না। চিকিৎসা পদ্ধতিতে প্রয়োজনীয় পরিবর্তন আনার বিষয়টি বোর্ড পর্যবেক্ষণ করছে।" ৭৯ বছর বয়সী খালেদা জিয়া আর্থ্রাইটিস, ডায়াবেটিস, কিডনি, ফুসফুস ও চোখ-সংক্রান্ত দীর্ঘমেয়াদি জটিলতায় ভুগছেন। চলতি বছরের ৭ জানুয়ারি উন্নত চিকিৎসার জন্য লন্ডনে যান তিনি এবং ১১৭ দিন পর ৬ মে দেশে ফেরেন। বিএনপি জানায়, দেশবাসীর কাছে নিজের সুস্থতার জন্য দোয়া চেয়েছেন খালেদা জিয়া।

## ধোনিকে ছাড়িয়ে বিশ্ব রেকর্ড গড়লেন পাকিস্তানের সালমান আগা

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের টি-টোয়েন্টি অধিনায়ক সালমান আগা বিশ্ব ক্রিকেটে নতুন রেকর্ড গড়েছেন। জিম্বাবুয়ের বিপক্ষে ত্রিদেশীয় টি-টোয়েন্টি সিরিজের রোববারের ম্যাচে খেলেই তিনি এক বছরে সর্বোচ্চ আন্তর্জাতিক ম্যাচ খেলার কীর্তি স্থাপন করেছেন। এই ম্যাচ খেলার পর সালমান আগা ৫৪টি আন্তর্জাতিক ম্যাচ খেলেছেন, যা এক বর্ষপঞ্জিকায় বিশ্বের সর্বোচ্চ। এর মাধ্যমে তিনি রাহুল দ্রাবিড় (১৯৯৯), মোহাম্মদ ইউসুফ (২০০০) ও মহেন্দ্র সিং ধোনি (২০০৭)কে পেছনে ফেলেছেন, যারা আগে ৫৩ ম্যাচ খেলেই শীর্ষে ছিলেন। এ বছর পাকিস্তান ৫৪টি ম্যাচ খেলেছে, যা বিশ্বের যে কোনো দলের জন্য সর্বোচ্চ। তারই মধ্যে সালমান আগা সব ম্যাচ খেলেছেন। পরের অবস্থানে রয়েছে ওয়েস্ট ইন্ডিজ, যারা ৪৫টি ম্যাচ খেলেছে।

ক্রিকেট বিশ্লেষকদের মতে, সালমানের এই রেকর্ড পাকিস্তান ক্রিকেটের জন্য একটি বিশেষ অধ্যায় হয়ে থাকবে। বছরের প্রতিটি ম্যাচে খেলা মানসিক ও শারীরিকভাবে অত্যন্ত চ্যালেঞ্জিং। সালমান সেই অসম্ভবকে সম্ভব করেছেন। বিশেষজ্ঞরা মনে করছেন, তার এই অর্জন ভবিষ্যতে পাকিস্তানের তরুণ ক্রিকেটারদের জন্য অনুপ্রেরণার উৎস হবে। উল্লেখ্য, শচীন টেন্ডুলকার ১৯৯৭ সালে এক বছরে ৫০ বা তার বেশি আন্তর্জাতিক ম্যাচ খেলার কীর্তি স্থাপন করেছিলেন। এছাড়া ড্যারিল মিচেল ২০২৩ সালে ৫১ ম্যাচ খেলে এই রেকর্ড গড়ে ছিলেন। সালমান আগার এই রেকর্ড সেই ধারাবাহিকতাকে আরও এগিয়ে নিয়ে গেছে।

## সুপার ওভারে অভিজ্ঞতার অভাব, ভুল স্বীকার করলেন আকবর আলী

সূর্যোদয় প্রতিবেদন

কাতারে অনুষ্ঠিত রাইজিং স্টারস এশিয়া কাপ ফাইনালে পাকিস্তান 'এ' দলের বিপক্ষে সুপার ওভারে হেরে হতাশা প্রকাশ করেছেন বাংলাদেশ 'এ' দলের অধিনায়ক আকবর আলী। দেশে ফিরে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি স্বীকার করেছেন, সুপার ওভারে কোনো দলই অভ্যস্ত নয় এবং হাইরিস্ক শট খেলা সর্বদা সহজ নয়। সুপার ওভারে বাংলাদেশ 'এ' দল ৬ রান তুলতে সক্ষম হয়। প্রথম বলে হাবিবুর রহমান ১ রান নেন, দ্বিতীয় বলে আবদুল গাফফার ফিরতি ক্যাচ দিয়ে আউট হন। পরের বলে ওয়াইড থেকে আসে ৫ রান। বৈধ তৃতীয় বলে জিশান আলম বোল্ড হন পাকিস্তানি পেসার আহমেদ দানিয়ালের হাতে। বাকি তিনটি বল খেলে বাংলাদেশ আরও ১০ রানের বেশি তুলতে পারত বলে ক্রিকেট বিশ্লেষকরা মনে করছেন। আকবর আলী সুপার ওভারের পারফরম্যান্স নিয়ে বলেন, "সুপার ওভারে কোনো দলই অভ্যস্ত নয়। টানা দুই ম্যাচে এটি ঘটে না। হাইরিস্ক শট খেলতে হয়, অনেক সময় ক্লিক করে, অনেক সময় করে না। আমি এভাবেই দেখছি ব্যাপারটাকে।" তিনি নিজের ব্যক্তিগত ভুলের কথাও স্বীকার করেছেন, "ওই মোমেন্টে কী হয়েছে, আমি নিজেও জানি না। আমি কেন করেছি, এর কোনো ব্যাখ্যা নেই। তবে যে ভুলটি করেছি, সেটা অনূর্ধ্ব১২-এর খেলোয়াড়রাও করতে পারবে না।" সুপার ওভারে ব্যাটসম্যানদের সমন্বয় নিয়ে আকবর বলেন, "সোহানকে প্রথম বলে পাঠানোর কারণ হলো পুরো টুর্নামেন্টে তিনি আমাদের সেরা ব্যাটসম্যান ছিলেন। আর সাকলাইন (আব্দুল গাফফার) ওই ম্যাচে অনেক ভালো ছন্দে ছিলেন।" ফাইনালে হেরে হতাশা প্রকাশ করে আকবর যোগ করেন, "প্লেয়ার ও কোচিং স্টাফরা সবাই একটু হতাশ। আমরা সর্বোচ্চ চেষ্টা করেছি, শেষ পর্যন্ত হয়ে ওঠেনি। সব মিলিয়ে বলতে হবে, বেশির ভাগ জায়গায় ভালো ক্রিকেট খেলেছি। ফাইনাল জিতলে এবং কিছু ভুল কম হলে আমরা বলতে পারতাম আমরা পারফেক্ট টুর্নামেন্ট খেলেছি।" এর আগে সেমিফাইনালেও ভারত 'এ' দলের বিপক্ষে সুপার ওভারের সময় এক ভুলের কারণে বাংলাদেশ 'এ' দল হারতে হয়েছিল। আকবরের বল স্টাম্পে মারার চেষ্টা ব্যর্থ হওয়ায় ভারত 'এ' দল সুযোগ পায় এবং ম্যাচ টাই করে।

## ইউক্রেন যুদ্ধ থামাতে যুক্তরাষ্ট্রের পরিকল্পনা সংস্কার হচ্ছে

সূর্যোদয় প্রতিবেদন

ইউক্রেনে যুদ্ধ থামানো ও শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে যুক্তরাষ্ট্র যে পরিকল্পনা প্রস্তাব করেছিল, কিয়েভ ও এর ইউরোপীয় মিত্রদের তীব্র আপত্তির মুখে সেটিতে পরিবর্তন আনা হচ্ছে। ইউরোপীয় নেতাদের অভিযোগ-ওয়াশিংটনের মূল প্রস্তাবে রাশিয়াকে অতিরিক্ত সুবিধা দেওয়া হয়েছিল। এ পরিস্থিতিতে সোমবার সুইজারল্যান্ডে ইউক্রেন ও যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদের মধ্যে সংশোধিত প্রস্তাব নিয়ে বিস্তৃত আলোচনা হয়। এর আগে রোববার জেনেভায় প্রথম দিনের আলোচনা শেষে ওয়াশিংটন ও কিয়েভ জানায়, তারা একটি 'পরিমার্জিত শান্তি কাঠামো'র প্রাথমিক খসড়া তৈরি করেছে। গত সপ্তাহে যুক্তরাষ্ট্র ২৮ দফার একটি পরিকল্পনা দিয়ে ইউক্রেনসহ ইউরোপের দেশগুলোকে অবাক করে দেয় এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর সবচেয়ে বড় যুদ্ধের অবসান ঘটাতে বৃহস্পতিবার পর্যন্ত সময়সীমা বেঁধে দেয়। রয়টার্সের মতে, আলোচনার পর সংশোধিত প্রস্তাবে ইউক্রেনের ভবিষ্যৎ নিরাপত্তা নিশ্চিতকরণ, রুশ হুমকি প্রতিরোধে সমর্থন এবং যুদ্ধ-পরবর্তী পুনর্গঠনে অর্থায়নের মতো বিষয় যুক্ত হয়েছে। সুইডেনে ইউক্রেনের মিত্রদের একটি শীর্ষ সম্মেলনে ভিডিওবার্তায় প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি বলেন, "আমরা আমাদের অংশীদারদের সঙ্গে, বিশেষ করে যুক্তরাষ্ট্রের সঙ্গে কাজ অব্যাহত রেখেছি। এমন একটি সমঝোতার দিকে এগোচ্ছি, যা আমাদের শক্তিশালী করবে-দুর্বল নয়।" তিনি আরও বলেন, রাশিয়াকে যুদ্ধের ক্ষতিপূরণ দিতে হবে এবং জব্দ করা রাশিয়ান সম্পদ ব্যবহারের সিদ্ধান্ত অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমানে এটি একটি "গুরুত্বপূর্ণ মুহূর্ত" মন্তব্য করে জেলেনস্কি জানান, যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় দেশগুলোর সঙ্গে এমন পদক্ষেপ নির্ধারণের কাজ চলছে, যা রাশিয়ার আগ্রাসনের অবসান ঘটাতে পারে। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইউক্রেনকে দ্রুত একটি চুক্তির দিকে ঠেলে দিচ্ছেন। রোববারের বৈঠকে মার্কিন প্রতিনিধিদলের প্রধান, পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও বলেন, বৃহস্পতিবারের মধ্যে চুক্তি সম্পন্ন নাও হতে পারে। ইউক্রেনের অভ্যন্তরীণ চাপও বাড়ছে। দুর্নীতির অভিযোগে জেলেনস্কির দুই মন্ত্রী বরখাস্ত হওয়ার পর তাঁর অবস্থান আরও দুর্বল হয়েছে। এ ছাড়া ট্রাম্পের প্রস্তাবে দখলকৃত ভূমি রাশিয়াকে ছেড়ে দেওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত থাকায় ইউক্রেনে ব্যাপক ক্ষোভ দেখা দিয়েছে। এমন প্রস্তাবে রাজি হলে জেলেনস্কির বিরুদ্ধে দেশেই "বিশ্বাসঘাতকতা"র অভিযোগ উঠতে পারে। শান্তি আলোচনা চলার মধ্যেই ইউক্রেনে হামলা অব্যাহত রেখেছে রাশিয়া। সোমবার ভোরে খারকিভে রুশ ড্রোন হামলায় অন্তত চারজন নিহত ও ১৭ জন আহত হন। মেয়র আইগর তেরেখভ বলেন, তিনটি আবাসিক ভবনে আগুন ধরে যায় এবং ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। সামনে শীত মৌসুম শুরু হওয়ায় যুদ্ধের পরিস্থিতি আরও জটিল হয়ে ওঠার আশঙ্কা করা হচ্ছে।

## ভারতপন্থি ২২ টিটিপি সদস্যকে হত্যা করল পাকিস্তান

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের উত্তর-পশ্চিমাঞ্চলীয় খাইবার পাখতুনখোয়া প্রদেশের বান্নু জেলায় গোয়েন্দা তথ্যের ভিত্তিতে চালানো বিশেষ অভিযানে ভারতপন্থি নিষিদ্ধ সংগঠন তেহরিকুইতালিবান পাকিস্তান (টিটিপি)-এর ২২ জন সদস্যকে হত্যা করেছে দেশটির নিরাপত্তা বাহিনী। পাকিস্তানের আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এ ঘটনাকে সন্ত্রাসবিরোধী যুদ্ধে 'বড় সাফল্য' হিসেবে উল্লেখ করেছে। খবর ডন-এর। মঙ্গলবার (২৪ নভেম্বর) আইএসপিআর এক বিবৃতিতে জানায়, সোমবার নিরাপত্তা বাহিনী টিটিপি সদস্যদের উপস্থিতির সুনির্দিষ্ট তথ্য পাওয়ার পর অভিযান চালায়। পাকিস্তান সরকার এই সংগঠনকে 'ভারতের এজেন্ট' ও 'ফিতনা আল-খাওয়ারিজ' নামেও অভিহিত করে থাকে। আইএসপিআর জানায়, অভিযানের সময় নিরাপত্তা বাহিনী সন্ত্রাসীদের আস্তানাগুলোতে সরাসরি আঘাত হানে। কিছুক্ষণ তীব্র বন্দুকযুদ্ধের পর ২২ জন টিটিপি সদস্য নিহত হয়। এলাকা সম্পূর্ণ সন্ত্রাসীমুক্ত করতে 'স্যানিটাইজেশন অপারেশন' এখনও চলছে।